

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০২.০০০০.০১৫.২০.০০৫.১৭-৭০


তারিখঃ ০৫/০৪/২০১৭ খ্রিঃ।
সময় : ০৩:৩০ টা

বিষয়ঃ প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অদ্য ০৪/০৪/২০১৭ খ্রি: তারিখ দেশের বিভিন্ন জেলায় অগ্নিকান্ড, নৌকাডুবি, লঘু চাপ এবং অন্যান্য জেলায় দুর্যোগের ক্ষয়ক্ষতি সংক্রান্ত সংগৃহীত তথ্য; জেলা প্রশাসন, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পত্র-পত্রিকা ও রেডিও-টেলিভিশন, এনডিআরসিসি হতে প্রাপ্ত তথ্য এবং জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে প্রণীত প্রতিবেদন নিম্নরূপ:

- ০১। সুনামগঞ্জ: জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলার টাংগুয়ার হাওড়ে ০৩/০৪/২০১৭ খ্রিঃ তারিখে ০৮(আট) জন যাত্রীসহ নৌকাডুবি হয়। এতে ০৪ (চার) জন নিহত ও আহত অবস্থায় চার জনকে উদ্ধার করা হয়। বৃষ্টিপাত ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলের কারণে সদর উপজেলার ০৯ টি ইউনিয়নে ৫,৫০০ জন আংশিক এবং ৫০০ জন সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে। বিশ্বম্ভরপুর উপজেলার ০৫ টি ইউনিয়নে ৬০০ পরিবার আংশিক এবং ১০০ পরিবার সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে। সুনামগঞ্জ জেলায় জিআর চাল ৬০.০০০ মে:টন, ও জিআর ক্যাশ ২,৫৫,০০০ টাকা ও ১৮৫ বাস্তব টেউটিন মজুদ রয়েছে।
- ০২। সিলেট: জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, সিলেট জেলার ১৩ টি উপজেলায় আকস্মিক বন্যায় সবগুলো হাওড়ের পানি বৃদ্ধি পেয়েছে। সহায়তা বাবদ ৫০০ মে:টন, জিআর চাল এবং ১০,০০,০০০/- জিআর ক্যাশ চাহিদা পত্র প্রেরণ করা হয়েছে।
- ০৩। পাবনা: জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, জেলায় জিআর চাল ৮৯.০০০ মে:টন, ও জিআর ক্যাশ ২০,০০০/- টাকা মজুদ রয়েছে। জেলা প্রশাসক পাবনা জরুরি দুর্যোগ পরিস্থিতি মোকাবেলার জন্য জিআর চাল ২০০.০০০ মে:টন, ও জিআর ক্যাশ ৮,০০,০০০/- টাকা এবং ৮০০ বাস্তব টেউটিন বরাদ্দের জন্য এ অধিদপ্তকে অনুরোধ করেছেন।
- ০৪। ব্রাহ্মণবাড়িয়া: জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, জেলার নসিরনগর উপজেলায় হরিপুর ইউনিয়নে তিতাস নদীর ঘাটে গোসল করার সময় হনিগবেড় গ্রামের দিল্লী রানী দাস (২২), পিতা-মৃত: ভুলন দাস নামক ০১ জন এবং তিতাস নদীর পাড় আংরাইল বিলে দেখতে নরহা গ্রামের জনাব মো: আজিজ মিয়া (৫৪) পিতা-মৃত: মনা নামক ০১ জন মোট ০২ জন বজ্রপাতে মারা যায়। মৃত ব্যক্তির পরিবারকে আর্থিক সাহায্য প্রদান করা হচ্ছে।= ০২ জন নিহত
- ০৫। কিশোরগঞ্জ: জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, জেলায় উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলের কারণে ০৬ টি উপজেলার ১৫৩১৫ হেক্টর জমির বোরো ফসল নিমজ্জিত হয়েছে। জেলায় ৯৭.০০০ মে:টন জিআর চাল এবং ১,৮০,০০০/- টাকা জিআর ক্যাশ মজুদ রয়েছে।
- ০৬। নেত্রকোনা: জেলা প্রশাসন সূত্রে জানা যায় যে, জেলার ১০ টি উপজেলার মধ্যে ০৯ টি উপজেলার ৬৯ ইউনিয়ন ক্ষতিগ্রস্ত হয়। ক্ষতিগ্রস্ত পরিবার ১৮৬৭৫ টি, নিমজ্জিত ফসলী জমির পরিমাণ ১৮৮৮০ হেক্টর। ০.১ কি.মি. সম্পূর্ণ ১৪.০৩ কি.মি. আংশিক বাঁধ ক্ষতিগ্রস্ত হয়েছে। জেলায় ৯৭.০০০ মে:টন জিআর চাল এবং ১,৮০,০০০/- টাকা জিআর ক্যাশ মজুদ রয়েছে।

০৭। ইহা সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।


05.04.17

(কামরুন নাহার)

ভারপ্রাপ্ত কর্মকর্তা

জরুরী সাড়াদান কেন্দ্র

ফোনঃ ৫৮৮১১৬৫১

ফ্যাক্সঃ ৯৮৯১৯২৬

Email: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা

জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র (এনডিআরসিসি)

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/এমআইএম/ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৩। সংরক্ষণ নথি।